*অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত*
*আলিপুর , দক্ষিণ ২৪ পরগনা*

*উপস্থিত বিচারক মহাশয় – শ্রী অমিত সরকার ( **J.O. CODE – WB01103)***
অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট **(**আলিপুর**)**

## *এম.এক্স:- ১৪১ /২০২১*

*আদেশ দানের তারিখ:- ইংরাজী ১২/০৬/২০২৬*

গ্রেপ্তারী পরোয়ানা জারীর প্রতিবেদন (E.R of W/A) আদালতে দাখিলের জন্য মামলার নথিটির তারিখ ধার্য্য আছে ।

দরখাস্তকারিনীর পক্ষে হাজিরা দাখিল করা হয়েছে ।

বক্তব্য শোনা হল ।

নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল। বিবেচণা করা হল।

ক্যানিং থানার S.I. সন্জয় দত্ত আদালতে একটি Report দাখিল করেছেন ।

দাখিলী Report-টির মূল প্রতিপাদ্য বিষয় হল – ইংরাজী ১৬/০৭/২০২৫ তারিখের আদেশানুসারে প্রেরিত Warrant যেটি ইংরাজী ২৫/০৭/২০২৫ তারিখে ১২৯১/২৫ নম্বরীকৃত Process র মাধ্যমে সংশ্লিষ্ট থানাকে প্রেরণ করা হয়েছিল সেই গ্রেপ্তারী পরোয়ানাটি অদ্যবধি জারী হয়নি ।

মামলার নথিদৃষ্টে প্রতীয়মান হচ্ছে যে- পরবর্তীকালে আদালত পর্যায়ক্রমিক আদেশ প্রদান করা সত্বেও প্রতিপক্ষের উপরে আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানাটি জারী করা হয়নি ।

মামলার নথিদৃষ্টে আরো প্রতীয়মান হচ্ছে যে- সুদীর্ঘকাল যাবৎ Warrant pending থাকার বিষয়টি S.D.P.O ক্যানিং -কে অবগত করা হয়েছিল ।

*<u>এম.এক্স:- ১৪১ /২০২১</u>*

*(২)*

এমতাবস্থায় S.D.P.O ক্যানিং -কে এই মর্মে নির্দেশ দেওয়া হচ্ছে যে আদালত নির্দেশিত উল্লিখিত গ্রেপ্তারী পরোয়ানাটি কেন প্রতিপক্ষের উপরে জারী করা হয়নি ; এবং

আদালত নির্দেশিত উল্লিখিত গ্রেপ্তারী পরোয়ানাটি জারীর প্রেক্ষিতে Executing Authority -র তরফে মহামান্য কোলকাতা উচ্চ ন্যায়ালয়ের Rule 64(3) of Criminal Rules and Order - অনুসারে পর্যায়ক্রমিক কি কি কার্যপদ্ধতি গ্রহন/ অনুসরণ করা হয়েছে - সেই বিষয়টি আদালতের সন্নিকটে গোচরীভুত করার জন্য পরবর্তী ধার্য্য তারিখে সেই মর্মে আদালতে একটি বিস্তারিত Report দাখিল করবেন ।

S.D.P.O ক্যানিং- কর্তৃক দাখিলী Report- টি সন্তোষজণক না হলে S.D.P.O ক্যানিং-কে ব্যক্তিগত ভাবে আদালতে তলব করা হবে ।

ইংরাজী ১৫/০৭/২০২৬ তারিখ S.D.P.O ক্যানিং- কর্তৃক আদালতে Report দাখিলের জন্য ধার্য্য করা হল ।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহনের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি S.D.P.O ক্যানিং -কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

বর্তমান আদেশের একটি প্রতিলিপি ক্যানিং থানার O.C-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল ।

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

| | |
|---|---|
| অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট<br>আলিপুর | অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট<br>আলিপুর |